# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১১১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩৪. ইমামের খুত্বাহ দেয়ার সময় কাপড় জড়িয়ে বসা সম্পর্কে

باب الاِحْتِبَاءِ وَالإِمَامُ يَخْطُبُ

আরবী

حَدَّثَنَا دَاوُدُ بْنُ رُشَيْدٍ، حَدَّثَنَا خَالِدُ بْنُ حَيَّانَ الرَّقِّيُّ، حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ عَبْدِ اللهِ بْنِ الزِّبْرِقَانِ، عَنْ يَعْلَى بْنِ شَدَّادِ بْنِ أَوْسٍ، قَالَ شَهِدْتُ مَعَ مُعَاوِيَةَ بَيْتَ الْمَقْدِسِ فَجَمَّعَ بِنَا فَنَظَرْتُ فَإِذَا جُلُّ مَنْ فِي الْمَسْجِدِ أَصْحَابُ النَّبِيِّ صلي الله عليه وسلم فَرَأَيْتُهُمْ مُحْتَبِينَ وَالإِمَامُ يَخْطُبُ .

ـ ضعيف

قَالَ أَبُو دَاوُدَ كَانَ ابْنُ عُمَرَ يَحْتَبِي وَالإِمَامُ يَخْطُبُ وَأَنَسُ بْنُ مَالِكٍ وَشُرَيْحٌ وَصَعْصَعَةُ بْنُ صُوحَانَ وَسَعِيدُ بْنُ الْمُسَيَّبِ وَإِبْرَاهِيمُ النَّخَعِيُّ وَمَكْحُولٌ وَإِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدِ بْنِ سَعْدٍ وَنُعَيْمُ بْنُ سَلاَمَةَ قَالَ لاَ بَأْسَ بِهَا .
لم أر من وصل ذلك عنهم

قَالَ أَبُو دَاوُدَ وَلَمْ يَبْلُغْنِي أَنَّ أَحَدًا كَرِهَهَا إِلاَّ عُبَادَةُ بْنُ نُسَيٍّ

বাংলা

১১১১। ইয়া’লা ইবনু শাদ্দাদ ইবনু আওস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি মু’আবিয়াহ (রাঃ) এর সাথে বাইতুল মুকাদ্দাসে উপস্থিত ছিলাম। তিনি আমাদের সাথে জুমু’আহর সালাত আদায় করলেন। আমি দেখলাম, মসজিদে উপস্থিত অধিকাংশ লোকেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী এবং ইমামের খুত্বাহ চলাবস্থায় তারা সকলেই হাঁটু উপরে উঠিয়ে কাপড় জড়িয়ে বসে আছেন।[1]

দুর্বল।

ইমাম আবূ দাঊদ (রহঃ) বলেন, ইমামের খুত্ববাহ প্রদানের সময় ’আবদুল্লাহ ইবনু ’উমারও (রাঃ) হাঁটু উপরে উঠিয়ে কাপড় জড়িয়ে বসতেন। আনাস ইবনু মালিক, শুরাইহ্‌, সা’সাআ ইবনু সূহান, সাঈদ ইবনুল মুসায়্যিব, ইবরাহীম নাখয়ী, মাকহূল, ইসমাঈল ইবনু মুহাম্মাদ ইবনু সা’দ এবং সু’আইম ইবনু সুলামাহ প্রমূখের মতে, ইমামের খুত্ববাহ চলাবস্থায় গুটিসুটি মেরে বসাতে কোন দোষ নেই।

এগুলো তাদের সূত্রে মুত্তাসিল কে করলো তা আমি পাইনি।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, ’উবাদাহ ইবনু নুসাই ব্যতীত অন্য কেউ এরূপ বসা অপছন্দনীয় বলতেন বলে আমার জানা নাই।

## English

Ya'la b. Shaddad b. Aws said:
I came to Mu'awiyah in Jerusalem. He led us in the Friday prayer. I saw that most of the people in the mosque were the Companions of the Prophet (ﷺ). I saw them sitting in ihtiba condition, i.e. sitting on hips erecting the feet and sticking them to the stomach and holding them with hands or tying them with a cloth to the back, while the imam was giving sermon.

Abu Dawud said: Ibn 'Umar used to sit in ihtiba position while the imam gave the Friday sermon. Anas b. Malik, Shuraih, Sa'sa'ah b. Sawhan, Sa'id b. al-Musayyib, Ibrahim al-Nakha'i, Makhul, Isma'il, Ismail b. Muhammad b. Sa'd, and Nu'aim b. Sulamah said: There is no harm in sitting in ihtiba position.

Abu Dawud said: I do not know whether anyone considered it disapproved except 'Ubadah b. Nasayy.

ফুটনোট

[1] আবূ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন। এর সানাদ দুর্বল। সনদে দাউদ ইবনু রাশিদ : হাদীস বর্ণনায় শিথিল। খালিদ ইবনু হাইয়ান : সত্যবাদী কিন্তু ভুল করতেন। সুলায়মান ইবনু ‘আবদুল্লাহ ইবনু যাবারক্বান : হাদীস বর্ণনায় শিথিল। আর ই‘য়ালা ইবনু শাদ্দাদ বিন আওস : সত্যবাদী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58429

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন